

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date : 21-06-2026
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

International Day of Yoga :

আজ ১২ তম আন্তর্জাতিক যোগা দিবস। কেন্দ্রীয় সমাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রণকের উদ্যোগে আজ নয়াদিল্লির ভারত মণ্ডপমে যোগ দিবস উদযাপনের আয়োজন করা হয়েছে। এই অনুষ্ঠানে প্রায় ১,৫০০ জন প্রবীণ নাগরিক একত্র হবে বলে আশা করা হচ্ছে। আন্তর্জাতিক যোগা দিবসে এই বছরের জাতীয় থিম নির্ধারণ করা হয়েছে, 'স্বস্থ বার্ধক্যের জন্য যোগ'।

Yoga-State :

ত্রিপুরাতেও আজ আন্তর্জাতিক যোগ দিবসে নানা কর্মসূচী নেওয়া হয়েছে। মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আগরতলার হাপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে। এখানে সকালে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ত্রীড়ামন্ত্রী টিংকু রায় যোগা চর্চায় অংশ নিয়েছেন। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বিশালগড়ের চড়িলামে ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ী এইচ.এস স্কুলে আয়োজিত যোগা দিবসের অনুষ্ঠানে অংশ নিয়েছেন।

DY/UNAKOTI :

উনকোটি জেলার মূল অনুষ্ঠান'টির আয়োজন করা হয়েছে শৈবতীর্থ উনকোটি'তে। আজ সকালে জেলাভিত্তিক অনুষ্ঠানের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, তপশিলী জাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস।

International day of yoga :

গোমতী জেলার মূল অনুষ্ঠানটি হয় উদয়পুর জগন্নাথ দিঘির উত্তর পাড়ে।

গোমতী জেলা যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর, জেলা প্রশাসন, গোমতী জিলা পরিষদ এবং উদয়পুর পুর পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়।

আকাশবাণী আগরতলার কর্মীদের উদ্যোগেও আজ সকাল আকাশবাণী আগরতলা কেন্দ্রে যোগ দিবসে যোগ চর্চার আয়োজন করা হয়।

NTA :

নিট-ইউজি ২০২৬ পুনঃপরীক্ষা আজ অনুষ্ঠিত হবে। ন্যাশনাল টেস্টিং এজেন্সি পুনঃপরীক্ষার প্রস্তুতির অংশ হিসেবে গতকাল দেশব্যাপী এক মক ড্রিল পরিচালনা করেছে। সারা দেশের বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে মকড্রিলে আড়াই লক্ষেরও বেশি নিরাপত্তাকর্মী অংশ নিয়েছেন। এনটিএ জানিয়েছে, দেশে ৫৫১টি শহর এবং বিদেশের ১৪টি শহরে ২২ লক্ষ ৭৯ হাজার জনেরও বেশি পরীক্ষার্থীর জন্য এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা স্বচ্ছ ও নিরপেক্ষ রাখতে বহুস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে।

PM Kisan Samman Nidhi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল পশ্চিমবঙ্গের তারকেশ্বরে প্রধানমন্ত্রী কৃষি সন্মান নিধি (PM-KISAN) যোজনার ২৩তম কিস্তির টাকা সরাসরি কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে প্রদান করেছেন। ২৩তম কিস্তিতে তিনি দেশের মোট ৯ কোটিরও বেশি কৃষকের ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি মোট ১৮ হাজার ৮৮০ কোটি টাকা প্রদান করেছেন।

এদিকে, আগরতলার অরুণ্ধতিনগরে স্টেট এগ্রিকালচার রিসার্চ সেন্টারে **PM Kisan** সন্মান নিধি অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করা হয়। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, কৃষিমন্ত্রী রতনলাল নাথ, বিধায়কা মীনা রানী সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

FIFA world cup :

২০২৬ ফুটবল বিশ্বকাপের সর্বশেষ দুই ম্যাচে জার্মানি ২-১ গোলে পরাজিত করেছে আইভরি কোস্টকে। অন্যদিকে, নেদারল্যান্ডস ৫-১ গোলের বড় ব্যবধানে হারিয়েছে সুইডেনকে।

এদিকে, টানা দুই ম্যাচে জয় তুলে নিয়ে গ্রুপ 'ই' থেকে জার্মানি রাউন্ড ৩২-এ নিজেদের জায়গা নিশ্চিত করেছে।

ভারতীয় সময় অনুযায়ী, আজ সকাল সাড়ে নটায় তিউনিসিয়া মুখোমুখি হবে জাপানের।

Panchayeti Raj Ministry :

কেন্দ্রীয় পঞ্চায়েত রাজ মন্ত্রণালয় নতুন দিল্লিতে নিৰ্ভয় ফান্ড প্রকল্পের আওতায় নিৰ্ভয় চেতনা নিয়ে তিন দিনের প্রশিক্ষক প্রশিক্ষণ (TOT) কর্মসূচীর আয়োজন করেছে। অনুষ্ঠানে মন্ত্রণালয়ের পক্ষ থেকে নিৰ্ভয় চেতনা প্রশিক্ষণ মডিউলও চালু করা হয়েছে। মন্ত্রণালয় জানিয়েছে যে, নিৰ্ভয় চেতনা হলো মহিলাদের নিরাপত্তা ও মহিলা সংক্রান্ত বিষয়গুলো সম্পর্কে পুরুষদের সংবেদনশীল করার একটি জাতীয় উদ্যোগ, যার লক্ষ্য হলো স্থানীয় ত্বনমূল স্তরে লিঙ্গ-উপযোগী শাসন ব্যবস্থাকে শক্তিশালী করে তোলা। কেন্দ্রীয় পঞ্চায়েত রাজ মন্ত্রক জানিয়েছে যে, প্রশিক্ষণের পাইলট ব্যাচে ছয়টি রাজ্য আসাম, ছত্তিশগড়, হিমাচল প্রদেশ, মহারাষ্ট্র, ওড়িশা, এবং উত্তরাখণ্ড থেকে চল্লিশ (৪০) জন মাস্টার প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেওয়া হবে। এই মাস্টার প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের মাধ্যমে পরবর্তী সময়ে ধাপে ধাপে সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে তা সম্প্রসারিত করা হবে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। দক্ষিণ জেলা, গোমতী জেলা উত্তর জেলা ও ধলাই জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ ভারি বৃষ্টিপাতের সতর্কতা দেওয়া হয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ১১ মিলিমিটার। আগরতলায় আজ ভোরেও এক পশলা বৃষ্টি হয়েছে।

আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি।
